CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGHCC–101T/358**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGHCC–101T

( বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। ‘চর্যাপদ’-এর টীকা কী নামে পরিচিত? এটি কে লিখেছেন?

২। ‘চর্যাপদ’-এর পদকর্তারা কোন্ ধর্মাবলম্বী ছিলেন? যে কোনো একজন পদকর্তার নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন কোনটি? এর রচয়িতা কে?

৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে, কোথা থেকে প্রকাশ করেছিলেন?

৫। প্রাক্-চৈতন্যযুগের দুজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

৬। গোবিন্দদাসকে কোন্ কবির ভাবশিষ্য বলা হয়? তিনি কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ কবি হিসেবে পরিচিত?

৭। প্রাক্-চৈতন্যযুগের দুজন 'মনসামঙ্গল' কাব্যকারের নাম লেখো।

৮। 'ধর্মমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তিনি কোন্ রাজার আদেশে কাব্যটি রচনা করেন?

৯। 'চণ্ডীমঙ্গল' কাব্যের কাহিনি দুটি কী কী?

১০। কৃত্তিবাস তাঁর অনূদিত 'রামায়ণ' কার আদেশে রচনা করেছিলেন? এই গ্রন্থটি মোট কয়টি কাণ্ডে বিভক্ত?

১১। কৃত্তিবাস ওঝার মা-বাবার নাম কী?

১২। কাশীরাম দাস ছাড়া অন্য যে কোনো দুজন 'মহাভারত' অনুবাদকের নাম লেখো।

১৩। রামপ্রসাদ সেনের উপাধি কী ছিল? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?





১৪। শাক্তপদগুলি কোন্ শতকের রচনা? এর অবলম্বিত রস কোনটি?

১৫। দৌলত কাজী কোথায় জন্মগ্রহণ করেন? তিনি কোন্ রাজার রাজসভায় সভাকবির পদ অলঙ্কৃত করেছিলেন?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। 'চর্যাপদ'-এ নিম্নবর্গীয় সমাজের যে পরিচয় পাওয়া যায় তার বিবরণ দাও।

১৭। বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন হিসেবে 'চর্যাপদ'-এর ঐতিহাসিক মূল্য আলোচনা করো।

১৮। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রাধা চরিত্রটি বিশ্লেষণ করো।

১৯। বৈষ্ণব পদ রচয়িতা জ্ঞানদাসের কবি-কৃতিত্বের পরিচয় দাও।

২০। মুকুন্দ চক্রবর্তীর কবি-পরিচিতি উল্লেখ করে তাঁর কাব্যের রচনা-বৈশিষ্ট্য আলোচনা করো।

২১। ভারতচন্দ্রের আবির্ভাবের পটভূমি বিশ্লেষণ করে বাংলা মঙ্গলকাব্যের ধারায় ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের গুরুত্ব বিচার করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২২। কৃত্তিবাসের আত্মজীবনী আলোচনা করে তাঁর কবিকৃতির পরিচয় দাও।

২৩। বাংলা অনুবাদ সাহিত্যের ধারায় কাশীরাম দাসের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।

২৪। শাক্তপদ রচনায় সাধক কবি রামপ্রসাদের কবিকৃতি উল্লেখ করো।

২৫। মধ্যযুগের বাংলা সাহিত্যে কবি আলাওলের স্বাতন্ত্র্য পর্যালোচনা করো।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGHCC–102T/359**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGHCC–102T

**( প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : ২×১০=২০

১। কে, কোথা থেকে বাংলা ভাষার প্রাচীনতম নিদর্শন গ্রন্থটি আবিষ্কার করেন?

২। 'চর্যাপদ'-এর দশ এবং আঠাশ সংখ্যক পদ দুটির রচয়িতার নাম উল্লেখ করো।

৩। শূন্যস্থান পূর্ণ করো :

"অপণা _____ হরিণা বৈরী।
খনহ্ ন ছাড়অ _____ আহেরী ॥"

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। বৈষ্ণব সাহিত্য অনুযায়ী পূর্বরাগের সংজ্ঞা দাও।

৫। অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁকে কী অভিধায় ভূষিত করা হয়?

৬। "রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥"

পদটির পদকর্তা কে? পদটি কোন্ রস পর্যায়ের অন্তর্ভুক্ত?

৭। মুকুন্দ চক্রবর্তীর আদিনিবাস কোথায় ছিল? কেন তাঁকে পৈতৃক বাসভূমি ত্যাগ করতে হয়?

৮। ফুল্লরার পিতা ও মাতার নাম কী?

৯। "সোনা রূপা নহে বাপা বেঙ্গা-পিত্তল।
ঘষিয়া মাজিয়া কিবা কর‍্যাছ উজ্জ্বল॥"

উক্তিটি কার? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে?

১০। 'চৈতন্যভাগবত'-এ কয়টি খণ্ড রয়েছে ও কী কী?

১১। 'চৈতন্যভাগবত'-এর আদিনাম কী ছিল? কার নির্দেশে কবি গ্রন্থের নাম পরিবর্তন করেন?

১২। "হইল পাপিষ্ঠ জন্ম নহিল তখনে।
হইলাঙ বঞ্চিত সে মুখ দরশনে॥"

কে, কেন এই আক্ষেপবাণী উচ্চারণ করেছেন?





১৩। 'শাক্তপদাবলী' কোন্ সময়ে রচিত হয়? 'শাক্তপদাবলী' সাহিত্যের শ্রেষ্ঠ কবি কে?

১৪। 'শাক্তপদাবলী'কে কয়টি ধারায় ভাগ করা যায় ও কী কী?

১৫। "যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়
এবার মায়ে-ঝিয়ে করবো ঝগড়া, জামাই বলে মানবো না।"

উদ্ধৃত কবিতাংশটি 'শাক্তপদাবলী'র কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত? এখানে 'মৃত্যুঞ্জয়' বলতে কাকে বোঝানো হয়েছে?

## SECTION—B

নিম্নলিখিত যে কোনো **পাঁচটা** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। লুইপাদ বিরচিত এক সংখ্যক পদটির মর্মার্থ বিশ্লেষণ করো।

১৭। 'চর্যাপদ'-এর সাহিত্যিক মূল্য সম্পর্কে আলোচনা করো।

১৮। 'মাথুর' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কবি-কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

১৯। ভাবসম্মিলন কাকে বলে? এই পর্যায়ের পদগুলির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

২০। "মুকুন্দের 'চণ্ডীমঙ্গল'-এ চরিত্র বর্ণনের চেয়ে চরিত্র-চিত্রণই মুখ্য হয়ে উঠেছে।" কালকেতু চরিত্র বিশ্লেষণ প্রসঙ্গে উক্তিটির তাৎপর্য নির্ণয় করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২১। "তাঁহার কাব্যে দুঃখ-দারিদ্র্যের প্রসঙ্গ থাকিলেও তিনি দুঃখবাদী কবি ছিলেন না।" মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্য অবলম্বনে এই অভিমতের যাথার্থ্য বিচার করো।

২২। জীবনী সাহিত্য কী? জীবনী সাহিত্য হিসেবে 'চৈতন্যভাগবত'-এর সার্থকতা বিচার করো।

২৩। 'চৈতন্যভাগবত'-এ তৎকালীন সমাজজীবনের যে চিত্র প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

২৪। 'শাক্তপদাবলী'তে বাৎসল্য রসের যে স্ফুরণ ঘটেছে তা আলোচনা করো।

২৫। তোমার পঠিত 'শাক্তপদাবলী'র পদগুলো অবলম্বনে কমলাকান্ত ভট্টাচার্যের কবিকৃতি সম্পর্কে আলোচনা করো।

★★★